

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৩.১৪.৪২৮.১৮.১৩০

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৪ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উল্লেখ্য, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৪” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৭৯৭.৪৪ কোটি (সাতশত সাতানব্বই কোটি আটচল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং সেপ্টেম্বর ২০১৪ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৪/১১/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি মোট ৭৯৭.৪৪ (সাতশত সাতানব্বই কোটি চুয়াল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২১/০৬/২০২২ তারিখে অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪৭.৩৮% এবং আর্থিক অগ্রগতি ৩১৮.৫৮ কোটি টাকা (৩৯.৬৯%)।

২। বাস্তবায়ন পর্যায়ে করোনা মহামারীর কারণে প্রকল্পের কাজ বন্ধ থাকা, অনুমোদিত ডিপিপি'র বছরভিত্তিক বরাদ্দ বিভাজন অনুযায়ী বরাদ্দ না পাওয়া, যোগাযোগ সুবিধার সুফল নিশ্চিত করণের জন্য ডিপিপিভুক্ত কতিপয় সড়ক নেটওয়ার্ট ব্রীজের কাজ সম্পন্ন করার লক্ষ্যে অতিরিক্ত সময়ের প্রয়োজনীয়তা ইত্যাদি কারণে প্রকল্পটি নির্ধারিত মেয়াদে সমাপ্ত হবে না বিধায় এলজিইডি প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ বছর অর্থাৎ জুন ২০২৫ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। উল্লেখ্য, গত ১২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্ট্রিয়ারিং কমিটির (পিএসসি) সভায় আলোচ্য প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ বছর মেয়াদ বৃদ্ধির সুপরিশীলন করা হয় (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৪ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ (দুই) বছর অর্থাৎ সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২৩ এর পরিবর্তে সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

৬-২-২০২৩

মো: নুরে আলম

উপসচিব

ফোন: ৫৫১০১৩২৮

ইমেইল: lgplan1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ২) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৩.১৪.৪২৮.১৮.১৩০/১(৬)

তারিখ: ২৩ মাঘ ১৪২৯

০৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা-১, স্থানীয় সরকার বিভাগ
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৬-২-২০২৩

মো: নূরে আলম

উপসচিব